



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৮৫৬

তারিখ: ২ ভাদ্র ১৪২৮

১৭ আগস্ট ২০২১

বিষয়: চট্টগ্রাম বন্দর/সাইলো জেটি হতে কলতাবাজার এলএসডিতে অপরিবাহিত আমদানিকৃত সিদ্ধ চাল তেজগাঁও সিএসডিতে প্রেরণের অনুমোদন প্রদান

সূত্র: ১। চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা এর ০৩/০৮/২০২১ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৮০৮ নং স্মারক

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ০৯/০৮/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.২৬০০.০০০.০৪.০০২.২০.৫১৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MV. IDM DOODLE জাহাজ হতে চট্টগ্রাম বন্দর/সাইলো জেটি হতে ঢাকা জেলার কলতাবাজার এলএসডিতে ৬০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চালের চলাচল সূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারি করা হয়। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক কলতাবাজার এলএসডি, সূত্রাপুর, ঢাকার উভয় পাশের রাস্তা কেটে উন্নয়নমূলক কাজ চলমান। উক্ত এলএসডির অভ্যন্তরে খাদ্যশস্যবাহী কোন প্রকার যানবাহন প্রবেশ/বাহির করানো সম্ভব হচ্ছে না। ফলে বিভিন্ন চলাচল সূচির মাধ্যমে আগত খাদ্যশস্য (চাল/গম) গ্রহণ ও ডিও এর বিপরীতে বিতরণ করা সম্ভব হচ্ছে না। কলতাবাজার এলএসডির উভয় পার্শ্বের রাস্তা মেরামতের কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত গুদামের সকল কার্যক্রম (লোডিং-আনলোডিং) আপাতত বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে MV. IDM DOODLE জাহাজ হতে চট্টগ্রাম বন্দর/সাইলো জেটি হতে কলতাবাজার এলএসডির অপরিবাহিত আমদানিকৃত সিদ্ধ চাল তেজগাঁও সিএসডিতে প্রেরণের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৭-৮-২০২১

মোঃ ফজলে রাস্কী হায়দার

উপপরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক,, ঢাকা।
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি



১৭-৮-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার
উপপরিচালক